রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ১৫, ২০১১

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র,
সাভার, ঢাকা।

## প্রজ্ঞাপন

তারিখ, ৫ ফাল্গুন ১৪১৭বঙ্গাব্দ/১৭ ফেব্রুয়ারি ২০১১ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৪-আইন/২০১১।—Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (XXVI of 1984) এর section 20 তে প্রদত্ত ক্ষমতাবলে Centre এর Board of Governors, সরকারের পূর্ব অনুমতিক্রমে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

১। প্রবিধান ২ এর দফা (ঠ) এর পর নিম্নরূপ দফা (ঠঠ) সংযোজিত হইবে, যথা :—

"(ঠঠ) স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাতত বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বা বোর্ড বা ইনস্টিটিউট এবং এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে;";

২। প্রবিধান ৩৬ এর উপ-প্রবিধান (১) এর বিদ্যমান দফা (অ), দফা (আ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে এবং উক্ত দফার উপ-দফা (খ), (ঙ), (চ) ও (ছ), যথাক্রমে, উপ-দফা (ক), (খ), (গ) ও (ঘ) হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;

৩। প্রবিধান ৫০ এর উপ-প্রবিধান (২) বিলুপ্ত হইবে;

৪। তফসিল এর—

(১) ক্রমিক নং-১ এর কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

| | | | |
|---|---|---|---|
| "(ক) উপ-পরিচালক (প্রশিক্ষণ/ গবেষণা) | অনূর্ধ্ব ৪০ বৎসর | (১) ৪০% সহকারী পরিচালক (প্রশিক্ষণ)/ প্রকাশনা অফিসার/ মূল্যায়ন অফিসার/ ঊর্ধ্বতন গবেষণা অফিসারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে;<br>(২) ২০% সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে, সরাসরি নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে;<br>(৩) ৪০% প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতির জন্য ঃ<br>(ক) সহকারী পরিচালক (প্রশিক্ষণ), প্রকাশনা অফিসার বা মূল্যায়ন অফিসার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br>(খ) ঊর্ধ্বতন গবেষণা অফিসারের ক্ষেত্রে সরবরাহক পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য ঃ<br>(ক) পদের সহিত সংশ্লিষ্ট বিষয়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পি. এইচ. ডি ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে, অথবা |



(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, অথবা

(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদের সহিত সংশ্লিষ্ট কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; এবং

(ঘ) কোন স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হইবে না।

প্রেষণে বদলীর জন্য ঃ

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা লোক প্রশাসন ইনস্টিটিউট হইতে রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজ বিজ্ঞান বা সংশ্লিষ্ট পদের সহিত সম্পর্কিত সামাজিক বিজ্ঞান শাখার অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেটসহ ৫(পাঁচ) বৎসরের চাকুরী বিশিষ্ট

| | | | |
|---|---|---|---|
| | | | জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ গ্রেডভুক্ত কোন ক্যাডারের বা উহার সমমান পদে কোন উপজেলার দায়িত্বে থাকার অথবা কোন মন্ত্রণালয় বা সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে অর্থ ব্যবস্থাপনা বা পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজের অভিজ্ঞতাসম্পন্ন কোন অফিসার। |
| (খ) উপ-পরিচালক প্রশাসন/অর্থ | | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রশাসন বা অর্থ ব্যবস্থাপনায় অভিজ্ঞতাসহ জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ গ্রেডভুক্ত কোন ক্যাডার অথবা উহার সমমান পদের কোন অফিসার। |
| (গ) উপ-পরিচালক (সেবা) | অনূর্ধ্ব ৩৫ বৎসর | সহকারী পরিচালক (প্রটোকল ও পাবলিক রিলেশনস/ডরমিটরী/ সাধারণ/কর্মচারী/ বাজেট ও হিসাব/ লজিস্টিকস/মালামাল ও ক্রয়) এর মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির জন্য ঃ** ফিডার পদে ৭ (সাত) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের জন্য ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদের সহিত সংশ্লিষ্ট কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা ; **প্রেষণে বদলী জন্য ঃ** জাতীয় বেতন স্কেলের ষষ্ঠ গ্রেডভুক্ত কোন ক্যাডার অথবা উহার সমমান পদের কোন অফিসার। |



| | | | |
|---|---|---|---|
| (ঘ) সহকারী সিস্টেমস এনালিস্ট | | | The Computer Personnel (Govt. and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী |
| (ঙ) প্রোগ্রামার | | | The Computer Personnel (Govt. and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী |

ক্রমিক নং-৫ এর কলাম ২ এর এন্ট্রি "প্রধান শরীরচর্চা প্রশিক্ষক" এর পরিবর্তে এন্ট্রি "উপ-পরিচালক (খেলাধূলা)" প্রতিস্থাপিত হইবে;

ক্রমিক নং-৬ এর কলাম ২ এর—

(ক) এন্ট্রি (খ) এর বিপরীতে কলাম ৪ এর —

(অ) এন্ট্রি (১) এ উল্লিখিত "২৫%" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "৪০%" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(আ) এন্ট্রি (২) এ উল্লিখিত "৭৫%" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "৬০%" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(খ) এন্ট্রি (ঘ) এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ এন্ট্রি (ঙ সংযোজিত হইবে, যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| "(ঙ) সহকারী প্রোগ্রামার | | | The Computer Personnel (Govt. and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী |

(৪) ক্রমিক নং-৯ এর কলাম ২ এর এন্ট্রি "শরীরচর্চা প্রশিক্ষক" এর পরিবর্তে এন্ট্রি "সহকারী পরিচালক (খেলাধূলা)" প্রতিস্থাপিত হইবে;

(৫) ক্রমিক নং-২২ এর কলাম ২ এর বিপরীতে কলাম ৪ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) ৬০% সাঁট-মুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্ন জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে।";

(৬) তফসিলের ক্রমিক নং-২৩ এর কলাম ২ এর বিপরীতে কলাম ৪ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ক) ৬০% মুদ্রাক্ষরিক বনাম নিম্নমান-সহকারী/ মুদ্রাক্ষরিকগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) ৪০% সরাসরি নিয়োগের মাধ্যমে।";

(৭) ক্রমিক নং-২৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন একটি ক্রমিক নং-২৩ক এবং উহার বিপরীতে নিম্নরূপ এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথাঃ—

| | |
|---|---|
| "২৩ক কম্পিউটার অপারেটর | The Computer Personnel (Govt. and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী |

(৮) ক্রমিক নং-২৬ এর কলাম ২ এর বিপরীতে কলাম ৪ এর—

(ক) এন্ট্রি (১) এ উল্লিখিত "৫০%" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "৭৫%" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(খ) এন্ট্রি (২) এ উল্লিখিত "৫০%" সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "২৫%" সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(৯) ক্রমিক নং-২৯ এর বিপরীতে কলাম ২, ৩, ৪ ও ৫ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

| | | | |
|---|---|---|---|
| "ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | (১) ৫০% সহকারী ইলেকট্রিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে; | <u>পদোন্নতির জন্য ঃ</u> ফিডার পদে চাকুরীসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটধারী হইতে হইবে; |
| | | (২) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>সরাসরি নিয়োগের জন্য ঃ</u> কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেটধারী হইতে হইবে।"; |



(১০) ক্রমিক নং-৩১ এর কলাম ২ এর বিপরীতে কলাম ৫ এ "পদোন্নতির জন্য" শিরোনামাধীন এন্ট্রি (ক) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (ক) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) ফিডার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমান পরীক্ষায় উত্তীর্ণ;";

(১১) ক্রমিক নং-৩৩ এর কলাম ২ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমান পরীক্ষায় উত্তীর্ণ।";

(১২) ক্রমিক নং-৩৮ এর কলাম ২ এর বিপরীতে কলাম ৫ এর এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।"।

বোর্ডের নির্দেশক্রমে

মোঃ দেলোয়ার হোসেন
রেক্টর
বিপিএটিসি, সভার, ঢাকা।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd